

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৪.০৫৭.১৬ -৪৩৮

তারিখঃ ০৫/১২/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ কর্মসম্পাদন চুক্তির (APA) মাসভিত্তিক অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ৩৪.০১.০০০০.০২৮.৪৮.১৯৪.১০- ৩৩৯, তারিখঃ ২৪-০৮-২০১৬ খ্রিঃ।


বার্ষিক কর্মসম্পাদন চুক্তিমাফিক দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখার অর্জনযোগ্য সূচকের (ঋণসংখ্যা) মাসভিত্তিক অগ্রগতির তথ্য মাসের শেষ কর্মদিবসের পূর্বতারিখে প্রেরণের লক্ষ্যে সূত্রভুক্ত পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়। গত ২২/১১/২০১৬খ্রিঃ তারিখে অধিদপ্তরে অনুষ্ঠিত এ সংক্রান্ত সভায় নিয়মিতভাবে প্রতিবেদন প্রেরণের জন্য পুনরায় অনুরোধ জানানো হয় তা সত্ত্বেও নির্ধারিত তারিখে নিম্ন তালিকায় বর্ণিত ১২টি জেলা হতে নভেম্বর/১৬ মাসের তথ্য প্রেরণ করা হয়নি যা অত্যন্ত দুঃখজনক;

তালিকা

নং	জেলার নাম	নং	জেলার নাম
১	শরীয়তপুর	৭	লক্ষীপুর
২	বাগেরহাট	৮	নওগা
৩	নড়াইল	৯	বগুড়া
৪	ঝিনাইদহ	১০	রংপুর
৫	সিলেট	১১	গাইবান্ধা
৬	রাংগামাটি	১২	ঠাকুরগাঁও

২। যেহেতু এ তথ্য প্রতি মাসের ০২ (দুই) তারিখের মধ্যে মন্ত্রণালয়কে জানানোর বাধ্যবাধকতা রয়েছে সেহেতু (নির্ধারিত সময়ে মাসের শেষ কর্মদিবসের পূর্ব কার্যদিবসে) মেইল/ফ্যাক্সযোগে তথ্য পাঠানোর কোন বিকল্প নাই। এতদপ্রেক্ষিতে যেসব জেলা হতে তথ্য প্রেরণ করা হয়নি সে সকল জেলাকে সূত্রোক্ত পত্রের নির্দেশনা ও ছক মাফিক নির্ধারিত সময়ের মধ্যে (মাসের শেষ কার্যদিবসের পূর্ব কার্যদিবসে) প্রত্যেক মাসের তথ্য প্রেরণ নিশ্চিত করতে পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, গ্রহণযোগ্য/যুক্তিযোগ্য কারণ ছাড়া প্রতিবেদন প্রেরণে অহেতুক বিলম্ব করলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে জবাবদিহি করতে হবে।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।


(মোঃ শাহীনুর রহমান)

সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)

ফোন : ৯৫১৫০১৯

Email-adddydpe@gmail.com

পুনঃস্বাক্ষর

প্রাপকঃ উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

----- (সংশ্লিষ্ট)।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৪.০৫৭.১৬ -৪৩৮

তারিখঃ ০৫/১২/২০১৬ খ্রিঃ।

অনুলিপি বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩। দপ্তর নথি।

(মোঃ শাহীনুর রহমান)
সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)